

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/4/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো মেমোরিয়াল ডে সপ্তাহান্তে উন্মত্ত অবস্থায় গাড়ি চালানোর জন্য 225 জনকে রাজ্য পুলিশ গ্রেফতার করেছে বলে ঘোষণা করেছেন

**টুপাররা প্রচারাভিযানের সময় 13,000 টিকিট জারি করেছেন উন্মত্ত এবং অসংলগ্ন গাড়ি চালানোর বিরোধিতা করতে মেমোরিয়াল ডে সপ্তাহান্ত জুড়ে**

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে STOP-DWI ট্রাফিক বলবতকরণ সময়ের অংশ হিসাবে রাজ্য পুলিশ 13,693টি টিকিট জারি করেছে এবং 225 জনকে আটক করেছে অসংলগ্ন গাড়ি চালানোর জন্য মেমোরিয়াল ডে সপ্তাহান্তে। 24শে মে শুক্রবার থেকে 27শে মে সোমবার অবধি এই উদ্যোগটি অসংলগ্ন ও বেপরোয়া চালকদের তার লক্ষ্যের মধ্যে রেখেছে।

"আমাদের বার্তা সহজ: আপনি যদি মদ্যপান বা মাদক ব্যবহার করার পরে গাড়ি চালান তাহলে আপনাকে দায়বদ্ধ করা হবে", **গভর্নর কুওমো বলেন।** "আমরা অসংলগ্ন এবং বেপরোয়া গাড়ির চালকদের দ্বারা সৃষ্ট প্রতিরোধযোগ্য দুঃখজনক ঘটনাগুলি মেনে নেবো না এবং যারা সড়ক ব্যবহার করেন তাদের জন্য সড়কগুলি নিরাপদ করার জন্য আমরা আমাদের আক্রমণাত্মক বলবতকরণ চালিয়ে যাব।"

**স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোবেলেট বলেন,** "এই বছরের প্রচারাভিযানের ফলাফলগুলি দেখায় যে বহু মানুষ ভুল সিদ্ধান্ত নিচ্ছেন, এবং মাদকের কারণে উন্মত্ত বা অসুস্থ অবস্থায় চালকের আসনে বসছেন। এই আচরণের জন্য আমাদের কোন সহনশীলতা নেই, এবং আমাদের টুপাররা আমাদের রাস্তাঘাট থেকে এই বেপরোয়া ব্যক্তিদের সরিয়ে দেওয়ার জন্য সতর্ক থাকবে।"

"মেমোরিয়াল ডে সপ্তাহান্ত গ্রীষ্মকালীন ঋতু উদযাপনের এবং বন্ধু এবং পরিবারের সাথে আনন্দ করার সময় হওয়া উচিত, তবে বহু সময়ই অসংলগ্ন এবং দায়িত্বহীন গাড়ি চালানোর কারণে হওয়া দুঃখজনক ঘটনার ফলে এই আনন্দের সময় সংক্ষিপ্ত হয়ে পড়ে," **ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিক্লেসের (Department of Motor Vehicles) ভারপ্রাপ্ত কমিশনার এবং গভর্নরস ট্রাফিক সেফটি কমিটির (Governor's Traffic Safety Committee) ভারপ্রাপ্ত চেয়ার জে. এফ. স্কুডার বলেন,** "প্রত্যেকের জন্য আমাদের হাইওয়ে যতটা সম্ভব নিরাপদ করার জন্য অসংলগ্ন ও বেপরোয়া গাড়ি চালানো হ্রাস করার জন্য তাদের অনমনীয় প্রচেষ্টার জন্য আমরা নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) এবং আমাদের অন্যান্য আইন বলবতকারী সংস্থাগুলির প্রতি কৃতজ্ঞ।"

গভর্নর ট্রাফিক নিরাপত্তা কমিটির (Governor's Traffic Safety Committee) দ্বারা আংশিকভাবে অর্থায়ন করা 54 ঘন্টার STOP-DWI ক্যাম্পেইনের সময় নিউ ইয়র্ক স্টেট পুলিশ টহল বাড়িয়েছিল এবং মাতাল চালকদের সনাক্ত করতে, আটকাতে এবং গ্রেফতার করার জন্য সরাইটি চেকপয়েন্ট পরিচালনা করেছিল।

স্টেট ট্রুপাররা ডিডার্লিউআইয়ের জন্য 225 জনকে গ্রেফতার করেছে এবং 134টি ব্যক্তিগত আঘাতের দুর্ঘটনা তদন্ত করেছে, যার ফলে 190 জন আহত হয়েছেন এবং চারজন মারা গেছেন। বলবতকরণের অংশ হিসাবে, ট্রুপাররা রাজ্যের দ্রুত ধাবমান এবং উগ্র চালকদের লক্ষ্য করেছে। নিচে প্রদত্ত মোট টিকেটের নমুনা দেওয়া হয়েছে:

গতিসীমা লঙ্ঘন 3,855  
বিত্রান্ত ড্রাইভিং 392  
সিটবেল্ট সংক্রান্ত আইনলঙ্ঘন: 3,327  
মুভ ওভার আইন 267

এই ক্র্যাশডাউন অংশ হিসাবে ট্রুপাররা রাজ্য পুলিশের গাড়ির সাথে কনসিলড আইডেন্টিটি ট্রাফিক এনফোর্সমেন্ট (Concealed Identity Traffic Enforcement, CITE) গাড়িও ব্যবহার করে। CITE যানগুলি ট্রুপারদের গাড়ি চালানো সংক্রান্ত আইন লঙ্ঘনগুলিকে ভালোভাবে দেখতে দেয় কারণ তারা দৈনন্দিন ট্র্যাফিকের সাথে মিশে যায় কিন্তু জরুরী আলো সক্রিয় হওয়ার পরে জরুরি যানবাহন হিসাবে এগুলি চিনতে অসুবিধা হয় না।

2018 সালের মেমোরিয়াল ডে সপ্তাহান্তে, ট্রুপাররা অসংলগ্ন গাড়ি চালানোর জন্য 234 জনকে গ্রেফতার করে এবং 13,318 মোট টিকেট জারি করে।

ট্রুপ দ্বারা মেমোরিয়াল ডে 2019 এর বলবতকরণের ফলাফল পাওয়া যাবে [এখানে](#)।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)